**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 02-05-24** **Desk in Charge :**

**Time : 7-35 A.M.** **Compiling :**

**Morning /Day /Evening** **National/ Regional/ General**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

****************************************

বিশেষ বিশেষ খবর –

১/ সুপ্রিম কোর্টের সাম্প্রতিক রায় অনুযায়ী নির্বাচন কমিশন, VVPAT-এর সিম্বল লোডিং ইউনিট- SLUগুলিকে সংরক্ষিত রাখা নিয়ে নতুন কার্যবিধি জারি করেছে।

২/ পঞ্চম ও ষষ্ঠ দফার জন্য মনোনয়ন পত্র জমা দেওয়ার কাজ চলেছে।

৩/ রাজ্যে পরবর্তী পর্যায়গুলির নির্বাচনের জন্য জমে উঠেছে রাজনৈতিক প্রচার।

৩/ মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশ আজ। # পড়ুয়ারা আজ'ই মার্কশিট হাতে পাবেন।

৪/ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই শনিবার পর্যন্ত তাপপ্রবাহের পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

*****************************************************************

সুপ্রিম কোর্টের সাম্প্রতিক রায় অনুযায়ী নির্বাচন কমিশন, VVPAT-এর সিম্বল লোডিং ইউনিট- SLUগুলিকে সংরক্ষিত রাখা নিয়ে নতুন কার্যবিধি জারি করেছে। সব মুখ্যনির্বাচনী আধিকারিককে এই কার্যবিধি মেনে এসএলইউ-গুলির পরিচালনা ও সংরক্ষণের জন্য প্রয়োজনীয় পরিকাঠামোর ব্যবস্থা করতে বলেছে কমিশন।

উল্লেখ্য, EVM-এ পড়া ভোটের সঙ্গে VVPAT বা 'ভোটার ভেরিফায়াবেল পেপার অডিট ট্রেইল'-এর কাগজের স্লিপ ১০০ শতাংশ মিলিয়ে দেখার আবেদন,

শীর্ষ আদালত সম্প্রতি খারিজ করে দিলেও VVPAT-এর SLU-গুলি, ফল বেরনোর পর ৪৫ দিন সংরক্ষিত রাখার নির্দেশ দেয়।

পয়লা মে বা তারপর VVPAT-এ প্রার্থীদের প্রতীক লোড করার প্রক্রিয়ায় এই সংশোধিত কার্যবিধি মেনে চলা বাধ্যতামূলক বলে জানিয়েছে কমিশন।

ভোটে ব্যবহৃত ও সংরক্ষিত SLU কন্টেনারগুলিকে গোলাপি কাগজে এমনভাবে সিল করতে হবে, যাতে সিল না ভেঙে কন্টেনার খোলা না যায়। প্রার্থী বা তার প্রতিনিধি সেই সিলে সই করবেন। এর ২৪ ঘন্টার মধ্যে জেলা নির্বাচন আধিকারিকের কাছে SLU কন্টেনারগুলি জমা দিতে হবে। আলাদা স্ট্রং রুমে রাখতে হবে সেগুলিকে।

********************

রাজ্যে চলেছে পঞ্চম ও ষষ্ঠ দফার জন্য মনোনয়ন পত্র জমা দেওয়ার কাজ। পঞ্চম দফায় প্রার্থীপদ দাখিলের শেষ দিন আগামীকাল।

মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে, **পঞ্চম দফায়** এপর্যন্ত জমা পড়েছে ৫১ টি মনোনয়ন পত্র। এই দফায় **বিশে মে ভোট নেওয়া হবে বনগাঁ, ব্যারাকপুর, হাওড়া, উলুবেরিয়া, শ্রীরামপুর, হুগলী ও আরামবাগ** এই সাতটি আসনে।

**ষষ্ঠ দফায়** ৮ টি আসনের জন্য এখনও পর্যন্ত জমা পড়েছে ১৪ টি মনোনয়ন পত্র। মনোনয়ন দাখিলের শেষ দিন ৬ ই মে। এই দফায় **২৫ শে মে ভোট নেওয়া হবে তমলুক, কাঁথি, ঘাটাল, ঝাড়গ্রাম, মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া ও বিষ্ণুপুর** আসনে।

এদিকে, তৃতীয় দফার ভোটে মোতায়েন থাকছে ৩৩৪ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী। এর মধ্যে ১৪৪ কোম্পানী থাকবে মালদায়। মুর্শিদাবাদ জেলায় থাকছে ১৭৮ কোম্পানী। পাশাপাশি ঐদিন কৃষ্ণনগর পুলিশ জেলাতেও ১২ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রাখা হবে।

এই দফায় আগামী মঙ্গলবার ৭ ই মে ভোট নেওয়া হবে মালদা উত্তর ও দক্ষিণ এবং জঙ্গিপুর ও মুর্শিদাবাদ আসনে। পাশাপাশি ভগবানগোলা বিধানসভা কেন্দ্রে ঐদিন উপনির্বাচন। এই দুটি জেলায় অবাধ ও শান্তিপূর্ণ ভোট গ্রহণ সুনিশ্চিত করা নির্বাচন কমিশনের কাছে একটা বড় চ্যালেঞ্জ।

এদিকে, প্রথম ও দ্বিতীয় দফার ভোটের হার নিয়ে নির্বাচন কমিশন প্রকাশিত সর্বশেষ পরিসংখ্যানকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক চাপান উতোর।

*********************

রাজ্যে পরবর্তী দফার নির্বাচনের জন্য জমে উঠেছে রাজনৈতিক প্রচার। প্রবল তাপপ্রবাহ উপেক্ষা করেই চলছে সভা, জনসভা, রোড শো ও বাড়ি বাড়ি প্রচার। শীর্ষ বিজেপি নেতা **প্রধানমন্ত্রী নরেন্দ্র** মোদী তৃতীয় দফার ভোটের প্রচারে আগামীকাল রাজ্যে আসছেন। তিনি বর্ধমান-দুর্গাপুর, নদীয়ার তেহট্ট এবং বোলপুর লোকসভা কেন্দ্রের দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করবেন।

অন্যদিকে তৃণমূল কংগ্রেস নেত্রী **মুখ্যমন্ত্রী মমতা** ব্যানার্জি আজ পূর্ব বর্ধমানের মেমারীর গন্তারে নির্বাচনী জনসভা করবেন। গতকাল মুর্শিদাবাদের ফারাক্কার জনসভা থেকে তৃণমূল নেত্রী ভোটের বর্ধিত হার নিয়ে প্রশ্ন তোলেন।

(বাইট- মমতা )

দেশের শ্রমিকদের অবস্থা নিয়ে কেন্দ্রীয় সরকারের ভূমিকার'ও সমালোচনা করেছেন মুখ্যমন্ত্রী।

মুর্শিদাবাদের মাটিতে দাঁড়িয়েই মুখ্যমন্ত্রীর এই বক্তব্যের বিরুদ্ধে সরব হয়েছেন বিরোধী দলনেতা **শুভেন্দু অধিকারী**। বহরমপুরের জনসভায় গতকাল তিনি বলেন, রাজ্য সরকার কাজের ব্যবস্থা করতে না পারার কারণেই এই জেলার হাজার হাজার মানুষকে পরিযায়ী শ্রমিক হয়ে ভিনরাজ্যে যেতে হচ্ছে।

( বাইট-শুভেন্দু)

এদিকে ভোটের হার নিয়ে তৃণমূল নেত্রীর এই মন্তব্যের কড়া সমালোচনা করেছে বিজেপি। দলের রাজ্য মুখপাত্র তথা রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য বলেছেন, ভোটে নিশ্চিত হার বুঝেই এসব বলছেন মুখ্যমন্ত্রী।

( বাইট-শমীক )

মালদায় গতকাল তৃণমূল কংগ্রেস প্রার্থীর হয়ে প্রচারে অংশ নেন দলের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী। সামসির জনসভায় তিনি অভিযোগ করেন, মালদা ও মুর্শিদাবাদের বিজেপির হাত শক্ত করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী।

দক্ষিণ মালদায় বিজেপি প্রার্থীর সমর্থনে গতকাল প্রচারে আসেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিক। পায়ে হেঁটে তিনি জনসংযোগ করেন।

বোলপুর লোকসভার অন্তর্গত পূর্ব বর্ধমানের আউশগ্রাম বিধানসভার অভিরামপুরে বিজেপি প্রার্থীর সমর্থনে নির্বাচনী জনসভা করেন অভিনেতা মিঠুন চক্রবর্তী। তৃণমূল কংগ্রেসকে বালি, কয়লা, গরু, রেশন, বিদ্যা চোর বলে কটাক্ষ করেন তিনি।

মুর্শিদাবাদে CPIM প্রার্থীর সমর্থনে জলঙ্গীতে গতকাল জনসভা করেন DYFI নেত্রী মোনাক্ষী মুখার্জী।

********************

নদীয়ার রাণাঘাট লোকসভা কেন্দ্রে একই নামে দু'জন প্রার্থীর মনোনয়ন পত্র জমা নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক চাপান-উতোর। বিদায়ী সাংসদ জগন্নাথ সরকার বিজেপির হয়ে মনোনয়ন জমা দিয়েছেন। ওই কেন্দ্রেই জগন্নাথ সরকার নামে আরো একজন, নির্দল প্রার্থী হিসেবে মনোনয়ন দাখিল করেছেন। ভোটে কারসাজি করতেই রাজ্যের শাসক দল রাণাঘাটে একই নামে নির্দল প্রার্থী দাঁড় করিয়েছে বলে অভিযোগ বিদায়ী সাংসদ জগন্নাথ বাবুর। যেকোনো ব্যক্তির'ই নির্বাচনে দাঁড়ানোর অধিকার রয়েছে বলে তৃণমূল কংগ্রেস প্রার্থী মুকুটমণি অধিকারী মন্তব্য করেছেন।

********************

তৃণমূল কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদকের পদ থেকে কুণাল ঘোষকে সরিয়ে দেওয়া হয়েছে। উত্তর কলকাতায় এক অরাজনৈতিক মঞ্চে উপস্থিত হয়ে গতকাল ঐ কেন্দ্রের বিজেপি প্রার্থী তাপস রায়ের উপস্থিতিতে তাঁর ভূয়সী প্রশংসা করেন কুণালবাবু। এর পরেই বিকেলে দলের তরফে বিবৃতি দিয়ে তাঁকে পদ থেকে সরিয়ে দেওয়ার কথা জানানো হয়। বিবৃতিতে অবশ্য বলা হয়েছে, কুণাল যে তাপসবাবুর প্রশংসা করেছেন, এটা তাঁর ব্যক্তিগত মত। এর সঙ্গে দলের কোনও সম্পর্ক নেই। সাম্প্রতিক অতীতে তাঁর একাধিক মন্তব্য কার্যত দলের নীতির পরিপন্থী। তাই এই সিদ্ধান্ত।

উল্লেখ্য, কুণাল ঘোষ বেশ কিছুদিন আগেই তৃণমূল কংগ্রেসের রাজ্য মুখপাত্র এবং সাধারণ সম্পাদকের দায়িত্ব থেকে অব্যাহতি চেয়েছিলেন। এরপর মুখপাত্রের পদ থেকে তাঁকে সরিয়ে দেওয়া হয়। এই বিষয়টির উল্লেখ করে কুণাল তাঁর বিবৃতির প্রতিক্রিয়ায় নাম না করে দলের রাজ্যসভার সাংসদ ডেরেক ও’ব্রায়ানকে কটাক্ষ করেছেন।

********************

৫ ই জানুয়ারি ইডি আধিকারিকদের ওপর হামলার তদন্তে কেন্দ্রীয় বাহিনীকে সঙ্গে নিয়ে গতকাল সন্দেশখালির সরবেড়িয়ায় যায় CBI-এর একটি দল। জেলবন্দি শেখ শাজাহানের পলাতক ভাই সিরাজুদ্দিনের তালাবন্ধ বাড়ির বাইরে নোটিস সেঁটে দেওয়া হয়। আগামীকাল CBI দপ্তরে তলব করা হয়েছে সিরাজকে।

সন্দেশখালির ঘটনা প্রকাশ্যে আসার পর থেকেই তিনি ‘ফেরার’। এর আগে সিরাজকে তলব করেছিল ইডি। তিনি সেই ডাকে সাড়া দেননি। সম্প্রতি ইডির তরফে তাঁর নামে ‘লুকআউট’ নোটিস জারি করা হয়। আকুঞ্জিপাড়া এলাকায় শাজাহান ঘনিষ্ঠ সিরাজুল মীর ও আফতার মোল্লার বাড়িতেও নোটিশ দিয়েছে সিবিআই।

********************

রাজ্যে চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফলাফল আজ প্রকাশিত হবে। সকাল ৯টায় সাংবাদিক বৈঠক করে আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশ করবে মধ্যশিক্ষা পর্ষদ।

পরীক্ষার্থীরা ৯টা ৪৫ মিনিট থেকে সরাসরি পর্ষদের অফিসিয়াল ওয়েবসাইট- wbbse.wb.gov.in ও wbresults.nic.in-এ নিজেদের ফলাফল দেখতে পারবে।

এছাড়াও মোবাইল অ্যাপ Madhyamik Results 2024 থেকেও ফলাফল জানা যাবে। সকাল দশটা থেকে মার্কশিট হাতে পাবে ছাত্রছাত্রীরা।

উল্লেখ্য, গত দোসরা ফেব্রুয়ারি শুরু হয়ে মাধ্যমিক পরীক্ষা চলে ১২ই ফব্রুয়ারি পর্যন্ত। মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৯ লক্ষের বেশি।

রাজ্যে উচ্চ মাধ্যমিকের ফল প্রকাশিত হচ্ছে ৮'ই মে ।

********************

দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই আগামী শনিবার পর্যন্ত তাপপ্রবাহের পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। আজ তীব্র তাপপ্রবাহের লাল সতর্কতা থাকছে ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, দুই বর্ধমান ও বীরভূমে। বাকি জেলাগুলিতে থাকছে কমলা সতর্কতা। তবে রবিবার ২ থেকে ৩ ডিগ্রি তাপমাত্রা কমতে পারে বলে আবহাওয়া বিজ্ঞানী সৌরীশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন-

( বাইট- সৌরাশিস )

কলকাতায় গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৪২ ডিগ্রী সেলসিয়াস- স্বাভাবিকের চেয়ে যা প্রায় ৭ ডিগ্রি বেশি। আজ সকালের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে স্বাভাবিকের থেকে ৩ ডিগ্রি বেশী- ২৯ দশমিক ১' ডিগ্রি সেলসিয়াস।

এদিকে, গত সন্ধ্যায় পুর্ব মেদিনীপুর ও দক্ষিণ ২৪ পরগণার সুন্দরবন এলাকায় ঝড়বৃষ্টির খবর মিলেছে।

********************

দমদম বিমানবন্দরে বিমান ওঠানামা ও সংলগ্ন এলাকায় বিমান চলাচল নির্বিঘ্ন -রাখতে বিধাননগর পুলিশ কমিশনারেট, বিমানবন্দর লাগোয়া ৮ টি থানা এলাকায় গগনচুম্বী লেজার লাইট ব্যবহার বন্ধের নির্দেশ দিয়েছে। এয়ারপোর্ট, নারায়ণপুর ও

বাগুইআটি থানার অধীন সব এলাকা, বিধাননগর দক্ষিণ, বিধাননগর পূর্ব, নিউটাউন, ইকো পার্ক এবং রাজারহাট থানার একাধিক এলাকায় এই আলোর ব্যবহার বন্ধ করতে বলেছে কমিশনারেট।

*********************

কলকাতার কিশোর ভারতী ষ্টেডিয়ামে মহিলাদের সিনিয়র জাতীয় ফুটবলে বাংলা ৭/ ১ গোলে পাঞ্জাবকে হারিয়ে দিয়েছে। রিম্পা হালদার হ্যাটট্রিক করেছেন। আগামীকাল বাংলা পরবর্তী ম্যাচে তামিলনাড়ুর বিরূদ্ধে খেলবে।

************************************************************